Through Knowledge towards Jannah

# Islamic Online Madrasah – IOM

## ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

রিসার্চের বিষয়ঃ

# ইসলাম পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা ও সত্য ধর্ম


তত্ত্বাবধায়নেঃ

মুফতি: আব্দুল ওয়াহিদ

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

হানান হাফিজ মোহাম্মদ ফাইজুল বারী

রোলঃ 23090121091


২০ নভেম্বর, ২০২৫ ইং

Through Knowledge towards Jannah

# Islamic Online Madrasah – IOM

## ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

### রিসার্চের বিষয়ঃ

## ইসলাম পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা ও সত্য ধর্ম

এই রিপোর্ট টি ইসলামিক অনালাইন মাদ্রাসার ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজের একটি আনুসাঙ্গিক রিপোর্ট।


তত্ত্বাবধায়নেঃ

মুফতি: আব্দুল ওয়াহিদ

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

হানান হাফিজ মোহাম্মদ ফাইজুল বারী

রোলঃ 23090121091

Through Knowledge towards Jannah

# Islamic Online Madrasah – IOM

## ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

**প্রত্যয়ন পত্র**

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, " ইসলাম পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা ও সত্য ধর্ম " বিষয়ক গবেষণাপত্র টি আমার তত্ত্বাবধানে ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্ট থেকে হানান হাফিজ মোহাম্মদ ফাইজুল বারী, আইডিঃ 23090121091 বিচক্ষনতার সাথে সম্পন্ন করেছেন।

(স্বাক্ষর)

তত্ত্বাবধায়নেঃ

মুফতি: আব্দুল ওয়াহিদ
রিসার্চ ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

(স্বাক্ষর)

এক্সটারনালঃ

মাও: শারাফাত কারীম
এরাবিক ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

# ঘোষণাপত্র

আমি নিম্নস্বাক্ষরকারী এ মর্মে ঘোষণা করছি যে, " ইসলাম পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা ও সত্য ধর্ম " শিরোনামে এই গবেষণাপত্র ইসলামিক অনলাইন মাদ্রাসার (Islamic Online Madrasah – IOM) ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের মুফতি: আব্দুল ওয়াহিদ উস্তাদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও নির্দেশনায় সম্পন্ন করেছি। অন্য কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে কোন প্রকার ডিগ্রি/ডিপ্লোমা অর্জনের জন্য বা প্রকাশের জন্য গবেষণাপত্র সম্পূর্ণ কিংবা এর অংশবিশেষ উপস্থাপন করা হয়নি।

আমি ঘোষণা করছি যে, এই গবেষণা কর্মটি আমার নিজস্ব প্রচেষ্টায় প্রস্তুত করা হয়েছে, যেখানে প্রয়োজন অনুসারে বিভিন্ন উৎস থেকে সংগৃহীত তথ্য ব্যবহার করা হয়েছে এবং সেগুলো যথাযথভাবে তথ্যসূত্রে উল্লেখ করা হয়েছে।

-

(স্বাক্ষর)

**হানান হাফিজ মোহাম্মদ ফাইজুল বারী**

আইডিঃ 23090121091

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ।

ইসলামিক অনলাইন মাদ্রাসা।

তারিখঃ

২০ নভেম্বর, ২০২৫ ইং

# সূচিপত্র


প্রথম অধ্যায় ........ 8

ইসলামের পরিচিতি ও মূল ভিত্তি ........ 8

১.১ ইসলাম শব্দের আভিধানিক ও পারিভাষিক অর্থ। ........ 8

১.২ ইসলাম একটি ধর্ম নাকি জীবনব্যবস্থা? ........ 9

১.৩ ইসলামের মৌলিক ভিত্তি (তাওহীদ, রিসালাত ও আখিরাত) ........ 10

১.৪ ইসলামের প্রধান লক্ষ্য, উদ্দেশ্য ও মানবকল্যাণমূলক দর্শন ........ 11

দ্বিতীয় অধ্যায় ........ 15

যৌক্তিকতা ও সত্যতার ভিত্তিতে ধর্ম হিসেবে ইসলাম। ........ 15

২.১ কুরআনের যৌক্তিকতা ও ঐশ্বরিক উৎস ........ 15

২.২ নবুওয়াত ও রিসালাতের ঐতিহাসিক সত্যতা। ........ 24

২.৩ ইসলামের সার্বজনীনতা ও চিরন্তন বৈশিষ্ট্য। ........ 32

২.৪ বিজ্ঞান ও যুক্তির আলোকে ইসলামের সত্যতা। ........ 34

২.৫ অন্যান্য ধর্মের সঙ্গে তুলনামূলক বিশ্লেষণ। ........ 36

২.৬ ইসলাম কেন চূড়ান্ত ও পরিপূর্ণ দ্বীন। ........ 38

তৃতীয় অধ্যায় ........ 40

পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা হিসেবে ইসলাম ........ 40

৩.১ জীবন সম্পর্কিত ধারণা ও ইসলামী দৃষ্টিভঙ্গি ........ 40

৩.২ জীবন ব্যবস্থার মূল স্তম্ভ (আকিদা, ইবাদত ও আখলাক) ........ 40

৩.৩ ইসলাম ও ব্যক্তিজীবন ........ 41

৩.৪ ইসলাম ও পারিবারিক জীবন ........ 42

৩.৫ ইসলাম ও সামাজিক জীবন ........ 43

৩.৬ ইসলাম ও অর্থনৈতিক জীবন ........ 44

৩.৭ ইসলাম ও রাজনৈতিক জীবন ........ 44

৩.৮ ইসলাম ও শিক্ষা-সংস্কৃতি ........ 45

৩.৯ ইসলামের আইন ও বিচার ব্যবস্থা ........ 46

চতুর্থ অধ্যায় ........ 47

আধুনিক যুগে ইসলামের প্রাসঙ্গিকতা ও প্রয়োগ। ........ 47

৪.১ আধুনিক সভ্যতার সংকট ও ইসলামী সমাধান। ........ 47

৪.২ ইসলামী অর্থনীতি ও ন্যায়ভিত্তিক সমাজ গঠন। ........ 49

৪.৩ ইসলামী নৈতিকতা ও সামাজিক স্থিতিশীলতা। ........ 50

৪.৪ ইসলামী দৃষ্টিতে নারী ও পুরুষের ভূমিকা। ........ 51

৪.৫ প্রযুক্তি, বিজ্ঞান ও ইসলামী চিন্তাধারা। ........ 53

৪.৬ ইসলামভিত্তিক জীবনব্যবস্থা পুনঃপ্রতিষ্ঠার প্রয়োজনীয়তা। ........ 54

উপসংহার ........ 56

**আল-মুকদ্দিমাহ**

الحمد لله رب العالمين
والصلاة والسلام على رسول الله، اما بعد:

بسم الله الرحمن الرحيم

আলহামদুলিল্লাহ, আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা আমাদের কে জন্মসূত্রে মুসলিম বানিয়েছেন। কিন্তু জন্মসূত্রে মুসলিম হওয়া সত্ত্বেও আমরা ইসলামে আল্লাহর দেওয়া বিধানগুলো সঠিকভাবে মেনে চলি না। তাই তো আজ সব জায়গায় মুসলিমদের এত দুর্দশা!

ইসলাম আসার পূর্বে মানুষের জীবন ছিলো জাহিলিয়াতে পরিপূর্ণ গুটিকয়েক মানুষই ছিলো সঠিক পথে। সকল ধরনের খারাপ কাজ তখন করা হত এবং তার ছিলো বৈধতা । মদ পান করা, গান-বাজনা, জিনা-ব্যভিচার , হত্যা করা, মেয়েদের জীবন্ত কবর দেওয়া হতে শুরু করে সকল ধরনের মন্দ  কাজ ঐ সময়ের মানুষদের দ্বারা করা হত। তারপর যখন পেয়ারে নবী ﷺ আমাদের জন্য রহমত হয়ে আসলেন, আমাদের দ্বীন শিক্ষা দিলেন, আমাদের হেদায়েতের পথ দেখালেন, তখন সবচেয়ে নিকৃষ্ট মানুষগুলোও পেয়ারে নবি ﷺ এর সোহবত লাভ করে সবচেয়ে উৎকৃষ্ট মানুষ হয়ে গেলেন। সুবহানাল্লাহ!

ইসলাম আল্লাহ সুবহানাহু ওয়াতাআ'লার একমাত্র মনোনীত দ্বীন। দ্বীন শুধু যে দ্বীন তা কিন্তু না ইসলাম আসলে পূর্ণাঙ্গজীবন বিধান। ইসলামের ভিতর শুধু  জীবনের  না পারিবারিক, সামাজিক, রাষ্ট্রীয় সব সমস্যার সমাধান দেয়া আছে। এবং এই বিধান গুলো আল্লাহর সন্তুষ্টির আলোকে  বাস্তবায়ন করে দেখিয়েছেন আমাদের নবী ﷺ এবং সাহাবায়ে কেরাম রাদিয়াল্লাহু আনহুম আজমাইন। উনারা আল্লাহর দেওয়া বিধান অনুযায়ী নিজেদের জীবন কে পরিচালনা করতেন যার কারণে কোনো কিছুই তাদের দমিয়ে রাখতে রাখতে পারেনি। আদর্শ হিসেবে সবসময় উনারা পেয়ারে নবী ﷺ কে অনুসরণ এবং অনুকরণ করতেন।

আল্লাহ তাআলা বলেন,

ٱلْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِى وَرَضِيتُ لَكُمُ ٱلْإِسْلَٰمَ دِينًا

"আজ আমি তোমাদের দ্বীনকে তোমাদের জন্য পূর্ণ করে দিলাম। আমার নেয়ামত পূর্ণরূপে প্রদান করলাম এবং তোমাদের জন্য মনোনীত করলাম ইসলামকে জীবন ব্যবস্থা হিসেবে।"[1]

এই আয়াতে আল্লাহ তা'আলা স্পষ্ট বলেছেন যে, তিনি আমাদের দীনকে এমনভাবে পরিপূর্ণ করেছেন যাতে ক্রুটির কোন অবকাশ নেই। এবং এতে কোন সংযোজন-বিয়োজন করার ও কোন প্রয়োজন নেই। তাই আল্লাহ সুবহানাহু ওয়াতা'আলা আমাদের পেয়ারে নবী মুহাম্মদুর রাসুলুল্লাহ ﷺ কে সর্বশেষ নবী হিসেবে পাঠিয়ে নবী-রাসূল আগমণের ধারাবাহিকতার সমাপ্তি করেছেন।

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা আরো স্পষ্ট করে বলেন যে, তিনি আমাদের জন্য জীবন ব্যবস্থা হিসেবে যা পছন্দ করেছেন তা হচ্ছে 'ইসলাম'। অতএব এই ইসলামকে তিনি কখনোই অপছন্দ করবেন না আর এই ইসলাম ব্যতীত মানুষের কাছ থেকে অন্যকিছুও তিনি গ্রহণ করবেন না।
তাই আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা স্পষ্ট ভাষায় অন্য আরেক আয়াতে ঘোষণা করেন,

وَمَن يَبۡتَغِ غَيۡرَ ٱلۡإِسۡلَٰمِ دِينٗا فَلَن يُقۡبَلَ مِنۡهُ وَهُوَ فِي ٱلۡأٓخِرَةِ مِنَ ٱلۡخَٰسِرِينَ ۝

"আর কেউ ইসলাম ব্যতীত অন্য কোনো দীন গ্রহণ করতে চাইলে তা কখনো তার পক্ষ থেকে কবুল করা হবে না এবং সে হবে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত।"[2]

তিনি আরো এরশাদ করেন,

إِنَّ ٱلدِّينَ عِندَ ٱللَّهِ ٱلۡإِسۡلَٰمُ

"নিশ্চয়ই আল্লাহর নিকট মনোনীত দীন বা জীবন ব্যবস্থা হচ্ছে ইসলাম।"[3]

সূরা মায়েদায় আমরা দেখেছি আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা বলেছেন,
وَأَتۡمَمۡتُ عَلَيۡكُمۡ نِعۡمَتِي

[1] সূরা মায়েদা: ৩
[2] সূরা আলে ইমরান:৮৫
[3] সূরা আলে ইমরান:১৯

“আমার নেয়ামত তোমাদের কে পূর্ণরূপে দান করলাম।”[4]

আয়াতের এই অংশটুকু এই কথা প্রমাণ করে যে, দুনিয়া ও আখিরাতে যতকিছুর প্রয়োজন মানুষ তার জীবনে অনুভব করবে, তার কোন কিছুরই বিবরণ দিতে ও উল্লেখ করতে ইসলাম বাদ রাখেনি।

[4] সূরা মায়েদা:৩

## প্রথম অধ্যায়

# ইসলামের পরিচিতি ও মূল ভিত্তি

### ১.১ ইসলাম শব্দের আভিধানিক ও পারিভাষিক অর্থ।

### আভিধানিক অর্থ

ইসলাম আরবি শব্দ এটি (س ل ن) ধাতু থেকে উৎপন্ন হয়েছে। এর আভিধানিক অর্থ অনুগত হওয়া, আনুগত্য করা, আত্মসমর্পণ করা। ইসলামী শরিয়তের পরিভাষায় আল্লাহর অনুগত হওয়া, আনুগত্য করা ও তার নিকট পূর্ণ আত্মসমর্পণ করা; বিনা দ্বিধায় তার আদেশ-নিষেধ মেনে চলা এবং তার দেওয়া বিধান অনুসারে জীবনযাপন করা। আর যিনি ইসলামের বিধান অনুসারে জীবনযাপন করেন, তিনি হলেন মুসলিম।

### ইসলাম শব্দের পারিভাষিক অর্থ

পরিভাষিক অর্থে ইসলাম হলো আল্লাহর পক্ষ থেকে মনোনীত এমন একটি পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা, যেখানে ইমান, আমল, নৈতিকতা, আচরণ, আইন ও সমাজজীবন, রাষ্ট্রীয় বিষয়াবলী সহ সকল কিছুর বিষয়ে দিকনির্দেশনা প্রদান করা হয়েছে। আল্লাহর একত্ববাদে স্বীকার, তাঁর রাসূলের আনুগত্য, আখিরাতের বিশ্বাস এবং নির্ধারিত বিধানের প্রতি সম্পূর্ণ আত্মসমর্পণই ইসলামের প্রকৃত পরিচয়।

- ইসলাম আল্লাহ প্রদত্ত আনুগত্য ও আত্মসমর্পণের বিধান।
- ইসলাম মানুষের জন্যে আল্লাহ প্রদত্ত জীবন-যাপন পদ্ধতি।
- ইসলাম মানুষের সামগ্রিক জীবনের শান্তি, কল্যাণ ও সাফল্যের পথ।[5]

[5] বই: ইসলাম পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা; লেখক: মাওলানা আব্দুস শহীদ নাসিম।

**১.২ ইসলাম একটি ধর্ম নাকি জীবনব্যবস্থা?**

ইসলামকে সবাই ধর্ম হিসেবেই বিবেচনা করে কিন্তু ইসলাম শুধু একটি ধর্ম নয়; বরং এটি একটি সর্বব্যাপী ও পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা। সাধারণ ধর্ম যেখানে মূলত উপাসনা বা আচার-অনুষ্ঠানে সীমিত থাকে, নীতি নৈতিকতার ধার ধারে না। সেখানে ইসলাম ব্যক্তিগত জীবন থেকে রাষ্ট্রীয় কাঠামো পর্যন্ত সকল ক্ষেত্রে স্পষ্ট দিকনির্দেশনা প্রদান করে। এর শিক্ষা মানবজীবনের প্রতিটি দিকের সঙ্গে সম্পৃক্ত চিন্তা-চেতনা, নৈতিকতা, পরিবার, সমাজ, অর্থনীতি, আইন, রাজনীতি, শিক্ষা সবকিছুই ইসলামের আওতায় আসে।

ইসলাম আধ্যাত্মিকতা ও বস্তুবাদ, ন্যায়বিচার ও দয়া, নৈতিকতা- সহমর্মিতা, ব্যক্তির অধিকার ও সমাজের স্বার্থ সবকিছুর মাঝে  ভারসাম্য ধরে রাখে। ইসলাম মানুষকে শুধু আল্লাহর ইবাদতের জন্যই আহ্বান করে না বরং একজন দায়িত্বশীল, ন্যায়পরায়ণ, মানবিক আল্লাহভীরু ও পরকালমুখী ব্যক্তি হিসেবে গড়ে তুলতে চায়। পরকালমুখী মানুষের মাঝে দুনিয়াবী বিষয়াদির ব্যাপারে কোনো ধরনের লোভ থাকে না। তারা সবসময়ই পরোপকারী হয়ে থাকে ফলে ইসলাম এমন এক জীবনব্যবস্থায় রূপ নেয়, যা আধ্যাত্মিক ও সামাজিক উৎকর্ষের সমন্বিত রূপ হিসেবে কাজ করে।

**পূর্ণাঙ্গ জীবন হিসেবে ইসলাম**

ইসলাম যে একটি পরিপূর্ণ জীবন বিধান সে ব্যাপারে সকল মনীষী ঐক্যমত। যার কারণ হিসেবে বলা যায়—

ইসলাম ধর্মে রয়েছে ধর্মীয়, পারিবারিক, সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিকসহ জীবনের সকল সমস্যার বাস্তব সমাধান। তাই তো আল্লাহ আজ থেকে প্রায় সাড়ে চৌদ্দশ বছর পূর্বে ঘোষণা করেছেন যে,

إِنَّ الدِّينَ عِنْدَ اللَّهِ الْإِسْلَام-

'নিশ্চয়ই আল্লাহর নিকট একমাত্র মনোনীত দ্বীন বা ধর্ম হচ্ছে ইসলাম'[6]

[6] সূরা আলে ইমরান: ১৯

আর আল্লাহর নিকট ইসলাম ব্যতীত অন্য কোন দ্বীন বা ধর্ম গ্রহণযোগ্য নয়, বরং পরকালে নাজাত পেতে হলে ইসলামের ছায়াতলেই আশ্রয় গ্রহণ করতে হবে। এ প্রসঙ্গে আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা বলেন,

وَمَنْ يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَنْ يُقْبَلَ مِنْهُ وَهُوَ فِي الْآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ-

'আর যে ব্যক্তি ইসলাম ব্যতীত অন্য কোন জীবন বিধান তালাশ করে, তা অগ্রহণযোগ্য এবং সে পরকালে ক্ষতিগ্রস্থদের অন্তর্ভুক্ত হবে'[7]

আর ইসলাম পূর্ণাঙ্গতা লাভ করে তা মুহাম্মাদ (ﷺ)-এর বিদায় হজ্জের ভাষণের মাধ্যমে বুঝা যায়। আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা বলেন,

الْيَوْمَ يَئِسَ الَّذِينَ كَفَرُوا مِنْ دِينِكُمْ فَلَا تَخْشَوْهُمْ وَاخْشَوْنِ الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمُ الْإِسْلَامَ دِينًا-

'আজ কাফিররা তোমাদের দ্বীনের বিরোধিতা করার ব্যাপারে পুরোপুরি নিরাশ হয়ে গেছে, কাজেই তাদেরকে ভয় করো না, কেবল আমাকেই ভয় কর। আজ আমি তোমাদের জন্য তোমাদের দ্বীন (ইসলামকে) পূর্ণাঙ্গ করে দিলাম, তোমাদের প্রতি আমার নেয়ামত পূর্ণ করে দিলাম এবং ইসলামকে তোমাদের দ্বীন হিসেবে কবুল করে নিলাম। [8]

সুতরাং বলা যায় যে, ইসলাম শুধুই একটি ধর্ম নয় এটি একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা।

## ১.৩ ইসলামের মৌলিক ভিত্তি (তাওহীদ, রিসালাত ও আখিরাত)

### ক. তাওহীদ

তাওহীদ হলো ইসলামের প্রথম ও প্রধান ভিত্তি। এর অর্থ আল্লাহ এক ও অদ্বিতীয়; তাঁর সত্তা, গুণাবলি, কর্তৃত্ব ও উপাসনার অধিকার একমাত্র তাঁরই। তাওহীদ মানুষকে মুক্ত করে

[7] সূরা আলে ইমরান:৮৫
[8] সূরা মায়েদা: ৩

সকল মিথ্যা ইলাহ, কুসংস্কার, অন্যায় ও দাসত্ব থেকে। এটি মানুষের জীবন, নৈতিকতা ও চিন্তাকে এক কেন্দ্রবিন্দুতে একত্রিত করে।

এটি তিনভাবে ব্যাখ্যা করা হয়—

**ক. তাওহীদ উলুহিয়্যাহ:** শুধুমাত্র আল্লাহই উপাসনার যোগ্য।

**খ. তাওহীদ রুবুবিয়্যাহ:** আল্লাহই সৃষ্টিকর্তা, পালনকর্তা, নিয়ন্ত্রক।

**গ. তাওহীদ আসমা ও সিফাত:** আল্লাহর গুণাবলি অনন্য, তুলনাহীন। তাওহীদের বাস্তবায়ন মানুষকে আল্লাহকে চিনতে সাহায্য করে। আল্লাহর ক্ষমতা ও কর্তৃত্ব সম্পর্কে অবগত করে। কুসংস্কার, শিরক, অন্ধবিশ্বাস ও অন্যায় দাসত্ব থেকে মুক্তি দান করে।

**খ. রিসালাত**

রিসালাত হলো নবীদের প্রতি আল্লাহ প্রদত্ত নির্দেশনা। যার মাধ্যমে মানবজাতিকে সঠিক পথের দিকে আহ্বান করা হয়। সর্বশেষ নবী মুহাম্মাদ (ﷺ) এর মাধ্যমে ইসলাম পূর্ণতা লাভ করে। রিসালাত বোঝায়—

- আল্লাহ মানুষের হিদায়াতের জন্য রাসূল প্রেরণ করেছেন।
- তাঁদের মাধ্যমে কুরআন ও সুন্নাহর নির্দেশনা এসেছে।
- মানবজীবনের সব দিকের জন্য আদর্শ দৃষ্টান্ত হিসেবে রাসূলের অনুসরণ অপরিহার্য।

**গ. আখিরাত (পরকাল)**

আখিরাতের ইমান ইসলামী শিক্ষার অন্যতম স্তম্ভ। মানুষের সকল কাজের হিসাব গ্রহণ, বিচারের দিন, জান্নাত-জাহান্নাম এসব বিশ্বাস মানুষের নৈতিকতা, দায়িত্ববোধ, জবাবদিহিতা ও সৎ আচরণের ভিত্তি স্থাপন করে। মানুষকে সত্য পথে অবিচল থাকতে সহায়তা করে। মানুষকে অন্যায় কাজ না করা ও প্রতিহত করতে উদ্বুদ্ধ করে। আখিরাতের ধারণা জীবনকে অর্থবহ ও লক্ষ্যমুখী করে তোলে। পাপ পঙ্কীলতা থেকে দূরে থাকতে সাহায্য করে।

**১.৪ ইসলামের প্রধান লক্ষ্য, উদ্দেশ্য ও মানবকল্যাণমূলক দর্শন**

ইসলাম এমন এক জীবনব্যবস্থা, যার কেন্দ্রে রয়েছে মানবকল্যাণ, ন্যায়বিচার,  আত্মিক উন্নয়ন ও আত্মশুদ্ধি। ইসলামের প্রধান লক্ষ্য হলো মানুষকে আল্লাহর দাসত্বের দিকে ফিরিয়ে আনা। মানুষের এই জীবনের প্রকৃত অর্থ বুঝতে সহায়তা করা যেখানে তার আত্মা, চরিত্র, আচরণ এবং সমাজের প্রতি দায়িত্ব সবই সঠিক পথে পরিচালিত হয়।

**ইসলামের উদ্দেশ্যগুলোর মধ্যে রয়েছে—**

- মানুষের নৈতিক ও চারিত্রিক পরিশুদ্ধি।
- সমাজে ন্যায়, ভারসাম্য ও সৌহার্দ্য প্রতিষ্ঠা। দুর্নীতি, শোষণ ও বৈষম্যহীন সামাজিক কাঠামো ও রাষ্ট্রীয় কাঠামো গঠন।
- দুনিয়া ও আখিরাতে মানুষের প্রকৃত সাফল্য নিশ্চিত করা।

ইসলাম মানুষকে কেবল দুনিয়ার সফলতার পথে পরিচালিত করে না; বরং তাকে এমন জীবনদর্শন দেয় যেখানে আধ্যাত্মিক প্রশান্তি ও সামাজিক দায়িত্ববোধ একে অপরের সাথে মিলেমিশে একাকার হয়ে যায়।

**মানব জীবনে ইসলাম এর প্রয়োজনীয়তা**

আল্লাহ তা'আলা প্রত্যেক জিনিস সুন্দর করে এবং সুনির্দিষ্ট উদ্দেশ্যে সৃষ্টি করেছেন। যেমন উদ্ভিদের সৌন্দর্য পাতা ও ফুল আর এর উদ্দেশ্য হলো শস্য ও ফল। কাপড়ের সৌন্দর্য রং, আর এর উদ্দেশ্য শরীর রক্ষা করা ও আবৃত করা। দুনিয়ার সৌন্দর্যের মূল উদ্দেশ্য আখেরাত। যে-ই উক্ত উদ্দেশ্য ভুলে যাবে, সে-ই এর সৌন্দর্যের জালে আটকে যাবে। সে স্রষ্টাকে রেখে সৃষ্টি নিয়ে ব্যস্ত হয়ে পড়বে।

নবী-রাসূল ও তাদের অনুসারীগণ দুনিয়ায় আখিরাত লাভে মহান উদ্দেশ্য নিয়েই ব্যস্ত ছিলেন। আর তা হলো ইমান ও সৎ আমল। অপরপক্ষে দুনিয়াপ্রেমীরা দুনিয়ার  সৌন্দর্য, খেল-তামাশা এবং উপভোগ নিয়ে ব্যস্ত থাকে। আল্লাহ তা'আলা আমাদেরকে দুনিয়ার প্রয়োজনীয় বিষয় গ্রহণ করতে এবং সাধ্যানুযায়ী সৎ আমল করতে আদেশ করেছেন।

ইবাদত হিসাবে আমাদের জীবনের বিষয়াদি ও সৌন্দর্য যদি মহান লক্ষ্য ও উদ্দেশ্য তথা এক আল্লাহর ইবাদত, যার কোন শরীক নেই, আল্লাহ ও তাঁর রাসূল (ﷺ)-এর অনুসরণ এবং তাঁর দ্বীনের প্রচার-প্রসারের সাথে সাংঘর্ষিক হয়, তাহলে মন যা ভালোবাসে, তার উপর আল্লাহ ও তাঁর রাসূল (ﷺ) যা ভালোবাসেন, তাকে আমরা প্রাধান্য দিবো। আর দুনিয়াবি প্রয়োজনাদির উপর দ্বীনি প্রয়োজনকে অগ্রাধিকার দিবো।

আল্লাহ তা‘আলা বলেন:

وَابْتَغِ فِيمَا آتَاكَ اللَّهُ الدَّارَ الْآخِرَةَ وَلَا تَنْسَ نَصِيبَكَ مِنَ الدُّنْيَا وَأَحْسِنْ كَمَا أَحْسَنَ اللَّهُ إِلَيْكَ وَلَا تَبْغِ الْفَسَادَ فِي الْأَرْضِ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْمُفْسِدِينَ

‘আর আল্লাহ তোমাকে যা দান করেছেন তাতে তুমি আখেরাতের নিবাস অনুসন্ধান কর। তবে তুমি দুনিয়া থেকে তোমার অংশ ভুলে যেয়ো না। তোমার প্রতি আল্লাহ যেরূপ অনুগ্রহ করেছেন, তুমিও সেরূপ অনুগ্রহ কর। আর যমীনে ফাসাদ করতে চেয়ো না। নিশ্চয় আল্লাহ ফাসাদকারীদের ভালবাসেন না’[9]

আল্লাহ তা‘আলা আরো বলেন:

اعْلَمُوا أَنَّمَا الْحَيَاةُ الدُّنْيَا لَعِبٌ وَلَهْوٌ وَزِينَةٌ وَتَفَاخُرٌ بَيْنَكُمْ وَتَكَاثُرٌ فِيالْأَمْوَالِ وَالْأَوْلَادِ كَمَثَلِ غَيْثٍ أَعْجَبَ الْكُفَّارَ نَبَاتُهُ ثُمَّ يَهِيجُ فَتَرَاهُ مُصْفَرًّا ثُمَّ يَكُونُ حُطَامًا وَفِي الْآخِرَةِ عَذَابٌ شَدِيدٌ وَمَغْفِرَةٌ مِنَ اللَّهِ وَرِضْوَانٌ وَمَا الْحَيَاةُ الدُّنْيَا إِلَّا مَتَاعُ الْغُرُور .[20] سَابِقُوا إِلَى مَغْفِرَةٍ مِنْ رَبِّكُمْ وَجَنَّةٍ عَرْضُهَا كَعَرْضِ السَّمَاءِ وَالْأَرْضِ أُعِدَّتْ لِلَّذِينَ آمَنُوا بِاللَّهِ وَرُسُلِهِ ذَلِكَ فَضْلُ اللَّهِ يُؤْتِيهِ مَنْ يَشَاءُ وَاللَّهُ ذُو الْفَضْلِ الْعَظِيمِ

‘তোমরা জেনে রাখ যে, দুনিয়ার জীবন ক্রীড়া-কৌতুক, শোভা-সৌন্দর্য, তোমাদের পারস্পরিক গর্ব-অহংকার এবং ধন-সম্পদ ও সন্তান-সন্তুতিতে আধিক্যের প্রতিযোগিতা মাত্র। এর উপমা হল বৃষ্টির মত, যার উৎপন্ন ফসল কৃষকদেরকে আনন্দ দেয়, তারপর তা শুকিয়ে যায়, তখন তুমি তা হলুদ বর্ণের দেখতে পাও, তারপর তা খড়-কুটায় পরিণত হয়। আর আখেরাতে আছে কঠিন আযাব এবং আল্লাহর পক্ষ থেকে ক্ষমা ও সন্তুষ্টি। আর দুনিয়ার জীবনটা তো ধোঁকার সামগ্রী ছাড়া আর কিছুই নয়। তোমরা তোমাদের রবের পক্ষ থেকে ক্ষমা ও সেই জান্নাতের দিকে প্রতিযোগিতায় অবতীর্ণ হও, যার প্রশস্ততা আসমান ও যমীনের প্রশস্ততার

[9] সূরা আল-ক্বাছাছ: ৭৭

মত। তা প্রস্তত করা হয়েছে যারা আল্লাহ ও রাসূলগণের প্রতি ঈমান আনে তাদের জন্য। এটা আল্লাহর অনুগ্রহ। তিনি যাকে ইচ্ছা তা দান করেন। আর আল্লাহ মহা অনুগ্রহশীল'[10]

আল্লাহ তা'আলা আরো বলেন:

إِنَّا جَعَلْنَا مَا عَلَى الْأَرْضِ زِينَةً لَهَا لِنَبْلُوَهُمْ أَيُّهُمْ أَحْسَنُ عَمَلًا

'নিশ্চয় যমীনের উপর যা রয়েছে, তা শোভা করেছি তার জন্য, যাতে তাদেরকে পরীক্ষা করি যে, কর্মে তাদের মধ্যে কে উত্তম।'[11]

[10] সূরা আল-হাদীদ: ২০-২১
[11] সূরা আল-কাহাফ:৭

# দ্বিতীয় অধ্যায়

# যৌক্তিকতা ও সত্যতার ভিত্তিতে ধর্ম হিসেবে ইসলাম।

## ২.১ কুরআনের যৌক্তিকতা ও ঐশ্বরিক উৎস

### ক.কুরআনের যৌক্তিকতা

মানবজীবনে সত্য অনুসন্ধানের প্রধান উপায় হলো যুক্তি, বুদ্ধি ও গভীর চিন্তাশীলতা। যুগে যুগে মানুষ সত্য ও অসত্যের পার্থক্য নির্ণয়ে জ্ঞান, অভিজ্ঞতা ও যুক্তিবোধকে প্রাধান্য দিয়েছে। আল্লাহ মানবজাতিকে যে শেষ ওহি কুরআন প্রদান করেছেন, সেটিও মানুষের বুদ্ধিকে অবদমিত করে না; বরং চিন্তা, গবেষণা ও যুক্তিভিত্তিক উপলব্ধিকে অত্যন্ত গুরুত্ব দেয়। কুরআন এমন এক গ্রন্থ যা নিজেকে বারবার "বিবেচনা-চিন্তার বই" হিসেবে পরিচয় করিয়ে দেয় এবং মানুষকে আকাশ–পৃথিবী, ইতিহাস–ঘটনা, নৈতিকতা–নৈতিক সঙ্কটসহ বিভিন্ন বিষয়কে যুক্তিভিত্তিকভাবে পর্যালোচনা করতে আহ্বান জানায়।

এ কারণে কুরআনের যৌক্তিকতা শুধু ধর্মীয় বিশ্বাসের ফল নয়; এটি বাস্তব, মানসিক, বুদ্ধিবৃত্তিক এবং অভিজ্ঞতাভিত্তিক সত্যের সাথে সামঞ্জস্যপূর্ণ। কুরআন যুক্তিকে গ্রহণ করে, প্রশ্নকে স্বাগত জানায়, এবং প্রমাণ দিয়ে কথা বলে এটাই কুরআনের অন্যতম বৈশিষ্ট্য।

### কুরআনের যুক্তিনির্ভর আহ্বান

কুরআনের প্রথম উল্লেখযোগ্য যৌক্তিক দিক হলো, এটি মানুষকে চিন্তা করতে বাধ্য করে। অসংখ্য আয়াতে বলা হয়েছে—

"তোমরা কি বুদ্ধি খাটাবে না?"
"তোমরা কি দেখ না?"
"তোমরা কি চিন্তা করবে না?"

এই বারবার প্রশ্ন তোলার পদ্ধতি থেকে বোঝা যায় যে, কুরআন অন্ধ বিশ্বাস দাবি করে না; বরং বুদ্ধিবিশ্লেষণের মাধ্যমে সত্যকে উপলব্ধি করাতে চায়। একটি ঐশী গ্রন্থ কখনো যুক্তিহীন, প্রশ্নবিমুখ হতে পারে না।

**সৃষ্টি ও প্রকৃতির মাধ্যমে যৌক্তিক প্রমাণ**

কুরআন স্রষ্টার অস্তিত্ব, ক্ষমতা ও একত্ব প্রমাণে মানুষের চারপাশের প্রকৃতিকে যুক্তির ভিত্তি হিসেবে উপস্থাপন করে।
যেমন—

- আকাশ-পৃথিবীর বৃহৎ গঠন
- রাত-দিনের নিয়ম
- পানি, উদ্ভিদ, বায়ু প্রবাহ
- সূর্য-চন্দ্রের নির্দিষ্ট গতিপথ
- মানবদেহের বিস্ময়কর গঠন

এসবকে কুরআন "চিন্তা ও গবেষণার উপকরণ" হিসেবে তুলে ধরে। প্রকৃতি কিভাবে সুশৃঙ্খলভাবে চলছে, কীভাবে প্রত্যেক বস্তু একটি নির্দিষ্ট নিয়ম অনুসরণ করছে এসব যুক্তিসঙ্গতভাবে প্রমাণ করে যে জগৎ কোন অযৌক্তিকতা বা বিশৃঙ্খলার ফল নয়, বরং একটি পরিকল্পিত সৃষ্টিকর্ম।

**ঐতিহাসিক ঘটনাবলির যৌক্তিক উপস্থাপন**

কুরআন অতীত জাতি ও নবীদের কাহিনিকে শুধু গল্প হিসেবে উল্লেখ করেনি; বরং প্রতিটি ঘটনার পেছনে শিক্ষা, কারণ ও যুক্তি ব্যাখ্যা করেছে। উদাহরণস্বরূপ—

- নূহ (আ.)-এর জাতির ধ্বংস
- আদ ও সামূদের পতন
- ফেরাউনের অহংকার
- বনি ইসরাইলের ভুল ও শাস্তি

এসব ঘটনাকে কুরআন যুক্তির মানদণ্ডে বিশ্লেষণ করে দেখায় যে অন্যায়, অহংকার, দুর্নীতি ও সীমালঙ্ঘনের ফলেই তাদের পতন হয়েছিল। এখানে গল্প নয় কারণ পরিণামভিত্তিক যৌক্তিকতা কাজ করেছে।

## প্রশ্ন–উত্তরভিত্তিক যুক্তিবাদী পদ্ধতি

কুরআন প্রায়ই বিরোধী পক্ষের সন্দেহ ও প্রশ্নকে সামনে এনে যুক্তিপূর্ণ উত্তর দেয়। যেমন:

"মৃত মানুষকে কে আবার জীবিত করবে?"

এ প্রশ্নের উত্তরে কুরআন যুক্তি দিয়েছে: যিনি প্রথমবার সৃষ্টি করেছেন, তিনিই পুনরায় সৃষ্টি করতে সক্ষম।

"আল্লাহকে কেন দেখি না?"

এর জবাবে এসেছে: মানুষ নিজেই সীমাবদ্ধ; সীমাবদ্ধ চোখ অসীম স্রষ্টাকে দেখতে পারে না। এই প্রশ্ন-উত্তরভিত্তিক আলোচনা দেখায় যে কুরআন কোনও বিষয় চাপিয়ে দেয় না; বরং যুক্তির মাধ্যমে হৃদয়কে সন্তুষ্ট করতে চায়।

## কুরআনের ভাষাগত ও কাঠামোগত যৌক্তিকতা

কুরআনের ভাষা শুধু সাহিত্যিক সৌন্দর্যে অনন্য নয়; এর কাঠামো ও শব্দচয়নেও গভীর যৌক্তিকতা আছে:

- একটি আয়াতে একাধিক বিষয় সুসংগঠিতভাবে প্রকাশ
- বিপরীতধর্মী ধারণাকে তুলনা করে উপস্থাপন
- উদাহরণ ও উপমার মাধ্যমে আলোচনাকে সহজ করে তোলা
- সংক্ষিপ্ত শব্দে গভীর অর্থ প্রকাশ

আরবি ভাষার নামী সাহিত্যিকরাও স্বীকার করেছেন যে কুরআনের ভাষা মানুষের সাধ্যের বাইরে এটি সৃজনশীলতা ও যুক্তির সুচারু সমন্বয়।

**বৈজ্ঞানিক ইঙ্গিত ও বাস্তবতার সাথে সামঞ্জস্য**

যদিও কুরআন বিজ্ঞান বই নয়, তবুও এতে এমন বহু ইঙ্গিত আছে যা আজকের বৈজ্ঞানিক গবেষণার সাথে মিল পায়:

- ভ্রূণের ধাপে ধাপে বিকাশ
- পানি থেকে জীবনের উৎপত্তি
- মহাবিশ্বের প্রসারণ
- পর্বতের স্থায়িত্বমূলক ভূমিকা
- সমুদ্রের স্রোত ও প্রতিবন্ধকতা

এগুলো এমন সময়ে বলা হয়েছে যখন মানুষের জ্ঞানের পরিসর সীমিত ছিল। তাই কুরআনের বক্তব্যগুলো আজকের বৈজ্ঞানিক আবিষ্কারের সাথে মিল খুঁজে পাওয়ায় এর যৌক্তিক ভিত্তি আরও দৃঢ় হয়।

কুরআনের যৌক্তিকতা শুধু ধর্মবিশ্বাসীদের অনুভূতির বিষয় নয়; এটি বাস্তবতার বুদ্ধিবিজ্ঞানসম্মত বিশ্লেষণেও উত্তীর্ণ। কুরআন যে মানুষকে চিন্তা করতে উৎসাহিত করে, প্রশ্ন করতে সাহস দেয়, প্রকৃতিকে গবেষণার উৎস হিসেবে ব্যবহার করতে বলে এগুলোই প্রমাণ করে যে এটি যুক্তি-বিমুখ গ্রন্থ নয়; বরং যুক্তিকেন্দ্রিক, চিন্তা-গভীর এবং প্রমাণভিত্তিক ওহি।

প্রকৃতপক্ষে, কুরআনের যৌক্তিকতা তার ঐশ্বরিক উৎসের সবচেয়ে বড় স্বাক্ষর। কারণ দীর্ঘ ২৩ বছরে বিভিন্ন সময়ে বিভিন্ন পরিস্থিতিতে অবতীর্ণ হওয়া সত্ত্বেও এর বক্তব্যে কোনও বিরোধ নেই, অসংগতি নেই, এবং প্রতিটি বাণীতে স্পষ্ট যুক্তি ও লক্ষ্য রয়েছে। এমন সামঞ্জস্য, বহুমাত্রিকতা এবং যুক্তিবিন্যাস মানবীয় ক্ষমতার বাইরে এই সত্যই কুরআনের ঐশ্বরিকতার দিকে নির্দেশ করে।

## খ.কুরআনের ঐশ্বরিক উৎস

কুরআন মুসলমানদের আকীদার মূলভিত্তি এবং মানবজাতির জন্য সর্বশেষ ঐশ্বরিক গ্রন্থ। ইসলামের দৃষ্টিতে এটি আল্লাহ তাআলার পক্ষ থেকে নাযিল হওয়া এক সম্পূর্ণ, সংরক্ষিত ও অপরিবর্তিত ওহি। তবে কুরআনের ঐশ্বরিক উৎস শুধু ধর্মীয় বিশ্বাসে সীমাবদ্ধ নয় বরং ভাষা,

ইতিহাস, বর্ণনাশৈলী, সংরক্ষণব্যবস্থা ও মানবিক প্রভাব সব দিক থেকেই এই গ্রন্থ মানবীয় সীমাকে অতিক্রম করে।

**কুরআনের নিজস্ব ঘোষণা**

কুরআন স্পষ্টভাবে ঘোষণা করেছে যে এটি মানুষের কথা নয়, বরং আল্লাহর পক্ষ থেকে নাযিলকৃত ওহি।

تَنْزِيلٌ مِّنْ رَّبِّ الْعَالَمِينَ

'এটি বিশ্বজগতের প্রতিপালকের পক্ষ থেকে নাযিলকৃত।"[12]

এমন সরাসরি ঘোষণা গ্রন্থটির উৎসকে নিজের মাধ্যমেই ব্যাখ্যা করে।

**ভাষাগত অলৌকিকতা ও মানব-অক্ষমতার ঘোষণা**

কুরআনের ভাষা, ছন্দ, বর্ণনাশৈলী এবং রেটরিক আরবি সাহিত্যের ইতিহাসে এক অনন্য সৃষ্টি। কুরআন মানুষকে চ্যালেঞ্জ করেছে এর মতো একটি ছোট সূরা হলেও রচনা করে দেখাতে।

وَإِنْ كُنْتُمْ فِي رَيْبٍ مِمَّا نَزَّلْنَا عَلَىٰ عَبْدِنَا فَأْتُوا بِسُورَةٍ مِّن مِّثْلِهِ

"যদি তোমরা সন্দেহে থাকো, তবে এর মতো একটি সূরা রচনা করে আনো।"[13]

১৪০০ বছরেও কেউ এই চ্যালেঞ্জ পূরণ করতে পারেনি এটি ভাষাগতভাবে অলৌকিকতার অন্যতম শক্ত প্রমাণ।

[12] সূরা ওয়াকিয়াহ:৮০
[13] সূরা বাকারাহ:২৩

## কুরআনের সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ

কুরআন নাযিল হওয়ার মুহূর্ত থেকেই সাহাবারা মুখস্থ ও লিখিত উভয়ভাবে সংরক্ষণ করেছেন। একই আয়াত বিভিন্ন সাহাবার দ্বারা বারবার যাচাই হয়েছে। কুরআন নিজেই বলেছে:

إِنَّا نَحْنُ نَزَّلْنَا الذِّكْرَ وَإِنَّا لَهُ لَحَافِظُونَ

"নিশ্চয়ই আমিই এই কিতাব নাযিল করেছি এবং আমিই এর সংরক্ষণকারী।"[14]

আজ পৃথিবীর যেকোনো দেশে কুরআনের পাঠ এক, বিন্দুমাত্র পরিবর্তন নেই। এটি ঐশ্বরিক সংরক্ষণের বাস্তব সাক্ষ্য।

## ইতিহাস ও ভবিষ্যদ্বাণীর সত্যতা

কুরআনে উল্লিখিত বিভিন্ন ভবিষ্যদ্বাণী সত্য হয়েছে, যা মানবিক অনুমানের বাইরে এক নিদর্শন।

### ১/রোমানদের বিজয়ের ভবিষ্যদ্বাণী

غُلِبَتِ الرُّومُ ۝ فِي أَدْنَى الْأَرْضِ وَهُم مِّن بَعْدِ غَلَبِهِمْ سَيَغْلِبُونَ

'রোমানরা পরাজিত হয়েছিল। কিন্তু খুব অল্প সময় পরেই তারা বিজয়ী হবে।"[15]

### ২/ফেরাউনের দেহ সংরক্ষণ

فَالْيَوْمَ نُنَجِّيكَ بِبَدَنِكَ لِتَكُونَ لِمَنْ خَلْفَكَ آيَةً

---

[14] সূরা হিজর:৯

[15] সূরা রুম: ২,৩

“সুতরাং আজ আমরা তোমার দেহটি রক্ষা করব যাতে তুমি তোমার পরবর্তীদের জন্য নিদর্শন হয়ে থাক।”[16]

আজ মিশরের মিউজিয়ামে ফেরাউনের সংরক্ষিত দেহ দেখা যায়।

ইতিহাসে ঠিক তাই ঘটেছে যা কুরআনে বর্ণিত হয়েছে এটি কুরআনের অতিপ্রাকৃত জ্ঞানের প্রমাণ।

**বিজ্ঞানসম্মত সামঞ্জস্য**

যদিও কুরআন বিজ্ঞানগ্রন্থ নয়, তবু এতে প্রচুর প্রাকৃতিক বাস্তবতার উল্লেখ আছে যা পরে বৈজ্ঞানিকভাবে প্রমাণিত হয়েছে যেমন ভ্রূণের বিকাশ, মহাবিশ্বের প্রসারণ, পানি থেকে জীবনের সৃষ্টি।

**১/মহাবিশ্বের প্রসারণ**

وَالسَّمَاءَ بَنَيْنَاهَا بِأَيْدٍ وَإِنَّا لَمُوسِعُونَ

“আমি আসমানকে শক্তি দিয়ে সৃষ্টি করেছি এবং নিশ্চয়ই আমরা তা সম্প্রসারণ করে চলেছি।”[17]

হাবল টেলিস্কোপে আধুনিক জ্যোতির্বিজ্ঞান এটি নিশ্চিত করেছে।

**২/মাতৃগর্ভে ভ্রূণের ধাপ**

ثُمَّ خَلَقْنَا النُّطْفَةَ عَلَقَةً فَخَلَقْنَا الْعَلَقَةَ مُضْغَةً

“এরপর আমি বীর্যকে জমাট রক্তে রূপান্তরিত করি, তারপর জমাট রক্তকে মাংসপিণ্ডে পরিণত করি...”[18]

[16] সূরা ইউনুস:৯২

[17] সূরা যারিয়াত:৪৭
[18] সূরা মু'মিন:১৪

মাতৃগর্ভে ভ্রূণ বিকাশের এই ধাপসমূহ আধুনিক ভ্রূণবিজ্ঞান পরবর্তীতে নিশ্চিত করে।

## ৩/পানি থেকে সব কিছুর সৃষ্টি

وَجَعَلْنَا مِنَ الْمَاءِ كُلَّ شَيْءٍ حَيٍّ

"এবং প্রাণবান সব কিছু সৃষ্টি করলাম পানি থেকে..."[19]

আধুনিক জীববিদ্যা বলে সব জীবের মৌলিক উপাদান পানি।

## ৪/পর্বতের স্থিতিশীলতা

وَالْجِبَالَ أَوْتَادًا

"পর্বতগুলোকে করেছি খুঁটির মতো।"[20]

ভূতত্ত্ববিদরা গবেষণার পর জানায় পর্বতের নিচে গভীর 'রুট' বা শিকড় থাকে যা পৃথিবীকে স্থিতিশীল করে।

## আইন, নীতি ও সামাজিক কাঠামোর পরিপূর্ণতা

কুরআন এমন সময় নাযিল হয়েছিল যখন বিশ্বজুড়ে ন্যায়বিচার, সমতা, সামাজিক নিরাপত্তা ও মানবাধিকার প্রতিষ্ঠা এক অজানা বিষয় ছিল। কুরআনের বক্তব্য:

إِنَّ اللّٰهَ يَأْمُرُ بِالْعَدْلِ وَالإِحْسَانِ

"নিশ্চয়ই আল্লাহ ন্যায়বিচার ও উত্তম আচরণের নির্দেশ দেন।"[21]

---

[19] সূরা আম্বিয়া:৩০

[20] সূরা নাবা:৭

[21] সূরা নাহল:৯০

নারীর অধিকার, দানের নীতি, পরিবারের কাঠামো, অর্থনৈতিক ন্যায়বিচার সবই এমনভাবে সাজানো যে তা যুগ-অতিক্রমী।

## নবী (সা.)-এর নিরক্ষরতা ও কুরআনের মহিমা

নবী মুহাম্মদ ﷺ ছিলেন উম্মী অর্থাৎ তিনি পড়তে-লিখতে জানতেন না। একজন নিরক্ষর মানুষের মুখ থেকে এমন গভীর জ্ঞান, ইতিহাস, ভবিষ্যদ্বাণী এবং সাহিত্য যেন বিরোধহীনভাবে বের হওয়া মানবীয়ভাবে সম্ভব নয়।

وَمَا كُنتَ تَتْلُو مِنْ قَبْلِهِ مِن كِتَابٍ وَلَا تَخُطُّهُ بِيَمِينِكَ

"এর আগে তুমি কোনো কিতাব পাঠ করতে না এবং তোমার হাতেও কিছু লিখতে না।"[22]

এটি নির্দেশ করে কুরআন তাঁর নিজস্ব রচনা নয়। কুরআন আল্লাহর কালাম।

## কুরআনের মানবিক ও আধ্যাত্মিক প্রভাব

কুরআন শুধু জ্ঞানভাণ্ডার নয় এটি মানুষের হৃদয়কে বদলে দেয়, সমাজকে উন্নত করে, আত্মাকে শুদ্ধ করে।

أَلَا بِذِكْرِ اللَّهِ تَطْمَئِنُّ الْقُلُوبُ

"জেনে রাখ, আল্লাহ্‌র স্মরণেই মন প্রশান্ত হয়।"[23]

এটি এমন এক আধ্যাত্মিক প্রভাব যা কোন মানব-রচিত বইতে পাওয়া যায় না।

উল্লিখিত সব দিক—

- ভাষাগত অলৌকিকতা
- চ্যালেঞ্জের অজেয়তা

---

[22] সূরা আনকাবুত:৪৮

[23] সূরা র'আদ:২৮

- শতাব্দীব্যাপী সংরক্ষণ
- ঐতিহাসিক সত্যতা
- বৈজ্ঞানিক সামঞ্জস্য
- নৈতিক-সামাজিক পরিপূর্ণতা
- নবী ﷺ–এর নিরক্ষরতা
- আধ্যাত্মিক প্রভাব

সব মিলিয়ে কুরআনের উৎস মানবীয় নয়, বরং ঐশ্বরিক এটা যৌক্তিক, ঐতিহাসিক এবং গবেষণাধর্মী বিশ্লেষণে প্রতিষ্ঠিত সত্য।

**২.২ নবুওয়াত ও রিসালাতের ঐতিহাসিক সত্যতা।**

আলাহ তায়া'লা যাদেরকে বান্দাহদের কাছে নবী রাসুল করে পাঠিয়েছেন তাদেরকে চেনা ও তাদের সত্যতা প্রমাণের জন্য অবশ্যই কিছু দলিল-প্রমাণ ও লক্ষণ থাকতে হবে। এগুলো প্রমাণ করবে যে, তারা আল্লাহর নিকট থেকে প্রেরিত, যাতে তারা মানুষের বিপক্ষে কিয়ামতের দিনে সাক্ষ্য দিতে পারেন। আর তাদেরকে সত্যায়ণ ও বিশ্বাসের ক্ষেত্রে যেন মানুষের কোন ওযর না থাকে। আল্লাহ তায়া'লা বলেনঃ

لَقَدۡ أَرۡسَلۡنَا رُسُلَنَا بِٱلۡبَيِّنَٰتِ

"অবশ্যই আমরা আমাদের রাসূলগণকে পাঠিয়েছি স্পষ্ট প্রমাণসহ"[24]

নবী রাসুলের সত্যতা প্রমাণে অনেক দলিল প্রমাণ ও আলামত রয়েছে, তন্মধ্যে গুরুত্বপূর্ণগুলো হলোঃ

আল্লাহ তায়া'লা নবী রাসুলদেরকে মুজিযা ও নিদর্শন দিয়ে শক্তিশালী করেন। মুজিযা হলো, আল্লাহ তায়া'লা নবী রাসুলদের মাধ্যমে এমন সব অলৌকিক ঘটনা ঘটান যা বিশ্বের সাধারণ নিয়মের বহির্ভূত ও মানুষের পক্ষে করা সম্ভব নয়। যেমনঃ মূসা (আঃ) এর লাঠি, যা সাপে পরিণত হত। আল্লাহ তায়া'লা বলেনঃ

[24] সূরা হাদিদ:২৫

وَمَا تِلْكَ بِيَمِينِكَ يَـٰمُوسَىٰ. قَالَ هِىَ عَصَاىَ أَتَوَكَّؤُا۟ عَلَيْهَا وَأَهُشُّ بِهَا عَلَىٰ غَنَمِى وَلِىَ فِيهَا مَـَٔارِبُ أُخْرَىٰ. قَالَ أَلْقِهَا يَـٰمُوسَىٰ. فَأَلْقَىٰهَا فَإِذَا هِىَ حَيَّةٌ تَسْعَىٰ. قَالَ خُذْهَا وَلَا تَخَفْ ۖ سَنُعِيدُهَا سِيرَتَهَا ٱلْأُولَىٰ. وَٱضْمُمْ يَدَكَ إِلَىٰ جَنَاحِكَ تَخْرُجْ بَيْضَآءَ مِنْ غَيْرِ سُوٓءٍ ءَايَةً أُخْرَىٰ. لِنُرِيَكَ مِنْ ءَايَـٰتِنَا ٱلْكُبْرَى.

"আর হে মুসা! আপনার ডান হাতে সেটা কি ? মূসা বললেন, 'এটা আমার লাঠি; আমি এতে ভর দেই এবং এর দ্বারা আঘাত করে আমি আমার মেষপালের জন্য গাছের পাতা ফেলে থাকি আর এটা আমার অন্যান্য কাজেও লাগে ।' আল্লাহ্ বলেন, 'হে মুসা! আপনি তা নিক্ষেপ করুন।' তারপর তিনি তা নিক্ষেপ করলেন, সঙ্গে সঙ্গে সেটা সাপ হয়ে ছুটতে লাগল। আল্লাহ্ বললেন, 'আপনি তাকে ধরুন, ভয় করবেন না, আমরা এটাকে তার আগের রূপে ফিরিয়ে দেব। এবং আপনার হাত আপনার বগলের সাথে মিলিত করুন, তা আরেক নিদর্শনসরূপ নির্মল উজ্জ্বল হয়ে বের হবে। এটা এ জন্য যে, আমরা আপনাকে আমাদের মহানিদর্শনগুলোর কিছু দেখাব।"[25]

ঈসা (আঃ) এর মু'জিযা ছিল তিনি কুষ্ঠ ও শ্বেত রোগীকে আল্লাহর ইচ্ছায় সুস্থ করতেন। আল্লাহ তায়া'লা মারিয়ামের (আঃ) ভাষায় ঈসা (আঃ) এর জন্মের সুসংবাদ সম্পর্কে এভাবে বলেনঃ

قَالَتْ رَبِّ أَنَّىٰ يَكُونُ لِى وَلَدٌ وَلَمْ يَمْسَسْنِى بَشَرٌ ۖ قَالَ كَذَٰلِكِ ٱللَّهُ يَخْلُقُ مَا يَشَآءُ ۚ إِذَا قَضَىٰٓ أَمْرًا فَإِنَّمَا يَقُولُ لَهُۥ كُن فَيَكُونُ. وَيُعَلِّمُهُ ٱلْكِتَـٰبَ وَٱلْحِكْمَةَ وَٱلتَّوْرَىٰةَ وَٱلْإِنجِيلَ. وَرَسُولًا إِلَىٰ بَنِىٓ إِسْرَٰٓءِيلَ أَنِّى قَدْ جِئْتُكُم بِـَٔايَةٍ مِّن رَّبِّكُمْ أَنِّىٓ أَخْلُقُ لَكُم مِّنَ ٱلطِّينِ كَهَيْـَٔةِ ٱلطَّيْرِ فَأَنفُخُ فِيهِ فَيَكُونُ طَيْرًۢا بِإِذْنِ ٱللَّهِ ۖ وَأُبْرِئُ ٱلْأَكْمَهَ وَٱلْأَبْرَصَ وَأُحْىِ ٱلْمَوْتَىٰ بِإِذْنِ ٱللَّهِ ۖ وَأُنَبِّئُكُم بِمَا تَأْكُلُونَ وَمَا تَدَّخِرُونَ فِى بُيُوتِكُمْ ۚ إِنَّ فِى ذَٰلِكَ لَـَٔايَةً لَّكُمْ إِن كُنتُم مُّؤْمِنِينَ. وَمُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَىَّ مِنَ ٱلتَّوْرَىٰةِ وَلِأُحِلَّ لَكُم بَعْضَ ٱلَّذِى حُرِّمَ عَلَيْكُمْ ۚ وَجِئْتُكُم بِـَٔايَةٍ مِّن رَّبِّكُمْ فَٱتَّقُوا۟ ٱللَّهَ وَأَطِيعُونِ. إِنَّ ٱللَّهَ رَبِّى وَرَبُّكُمْ فَٱعْبُدُوهُ ۗ هَـٰذَا صِرَٰطٌ مُّسْتَقِيم.ٌ

"সে বলল, 'হে আমার রব! আমাকে কোনো পুরুষ স্পর্শ করেনি, এমতাবস্থায় আমার সন্তান হবে কিভাবে?' তিনি (আল্লাহ্) বললেন, 'এভাবেই', আল্লাহ্ যা ইচ্ছে সৃষ্টি করেন। তিনি যখন কিছু স্থির করেন তখন বলেন, 'হও', ফলে তা হয়ে যায় । আর তিনি তাকে শিক্ষা দেবেন কিতাব, হিকমত, তাওরাত ও ইঞ্জীল।' আর তাকে বনী ইসরাঈলের জন্য রাসূলরূপে' (প্রেরণ করবেন, তিনি বলবেন) 'নিশ্চয় আমি তোমাদের রবের পক্ষ থেকে তোমাদের নিকট নিদর্শন নিয়ে এসেছি যে, অবশ্যই আমি তোমাদের জন্য কাদামাটি দ্বারা একটি পাখিসদৃশ আকৃতি গঠন করব; তারপর তাতে আমি ফুঁ দেব; ফলে আল্লাহ্র হুকুমে সেটা পাখি হয়ে যাবে। আর

[25] সূরা ত্বহা: ১৭-২৩

আমি আল্লাহ্‌র হুকুমে জন্মান্ধ ও কুষ্ঠ ব্যাধিগ্রস্থকে নিরাময় করব এবং মৃতকে জীবিত করব। আর তোমরা তোমাদের ঘরে যা খাও এবং মজুদ কর তা আমি তোমাদেরকে জানিয়ে দেব। নিশ্চয় এতে তোমাদের জন্য নিদর্শন রয়েছে যদি তোমরা মুমিন হও।' 'আর আমার সামনে তাওরাতের যা রয়েছে তার সত্যায়নকারীরূপে এবং তোমাদের জন্য যা হারাম ছিল তার কিছু হালাল করে দিতে। এবং আমি তোমাদের রবের পক্ষ থেকে তোমাদের নিকট নিদর্শন নিয়ে এসেছি। কাজেই তোমরা আল্লাহ্‌র তাকওয়া অবলম্বন কর এবং আমার আনুগত্য কর।' 'নিশ্চয়ই আল্লাহ্ আমার রব এবং তোমাদেরও রব, কাজেই তোমরা তাঁরই ইবাদত কর। এটাই সরল পথ" ।'[26]

আর মুহাম্মদ (সাঃ) এর সবচেয়ে বড় মুজিযা হলো মহাগ্রন্থ আল কোরআন। যদিও তিনি আক্ষরিক অর্থে নিরক্ষর ছিলেন, লেখাপড়া জানতেননা। অথচ কোরআনের মত মহাগ্রন্থ তিনি আল্লাহর তরফ থেকে নিয়ে আসেন, এটাই তার সবচেয়ে বড় মুজিযা। আল্লাহ তায়া'লা বলেনঃ

قُل لَّئِنِ ٱجْتَمَعَتِ ٱلْإِنسُ وَٱلْجِنُّ عَلَىٰٓ أَن يَأْتُوا۟ بِمِثْلِ هَٰذَا ٱلْقُرْءَانِ لَا يَأْتُونَ بِمِثْلِهِۦ وَلَوْ كَانَ بَعْضُهُمْ لِبَعْضٍ ظَهِيرًا. وَلَقَدْ صَرَّفْنَا لِلنَّاسِ فِى هَٰذَا ٱلْقُرْءَانِ مِن كُلِّ مَثَلٍ فَأَبَىٰٓ أَكْثَرُ ٱلنَّاسِ إِلَّا كُفُورًا.

"বলুন, 'যদি কুরআনের অনুরুপ কুরআন আনার জন্য মানুষ ও জিন সমবেত হয় এবং যদিও তারা পরস্পরকে সাহায্য করে তবুও তারা এর অনুরুপ আনতে পারবে না। 'আর অবশ্যই আমরা মানুষের জন্য এ কুরআনে বিভিন্ন উপমা বিশদভাবে বর্ণনা করেছি; কিন্তু বেশিরভাগ মানুষ কুফরী করা ছাড়া ক্ষান্ত হয়নি।"[27]

এছাড়াও নবী রাসুলদের অসংখ্য মু'জিযা রয়েছে। নবী রাসুলদেরকে আল্লাহ প্রদত্ত মু'জিযাগুলো পর্যালোচনা করলে দেখা যায় যে, তিনি তিন ধরণের মু'জিযা দান করেছেনঃ জ্ঞান, কুদরত ও সম্পদ। ইলম ও জ্ঞানের মধ্যে রয়েছেঃ পূর্ববর্তী ও পরবর্তী অদৃশ্য সম্পর্কে সংবাদ দেয়া, যেমনঃ ঈসা (আঃ) এর জাতিরা কি খেয়েছে ও কি ঘরে জমা করে রেখেছে তা তিনি বলে দিতে পারতেন। আমাদের রাসুল (সাঃ) পূর্ববর্তী উম্মতের সম্পর্কে নানা সংবাদ দিয়েছেন। তিনি কিয়ামতের আলামত ও ফিতনা সম্পর্কে যে সব সংবাদ দিয়েছেন। কুদরতের মধ্যে রয়েছেঃ লাঠি সাপে পরিণত হওয়া, কুষ্ঠ ও শ্বেত রোগীকে আরোগ্য করা, মৃত্যুকে জীবিত করা, রাসুল (সাঃ) কে মানুষের সব ধরণের ষড়যন্ত্র থেকে রক্ষা করা ইত্যাদি। আল্লাহ তায়া'লা বলেনঃ

---

[26] সূরা আলে ইমরান: ৪৭-৫১

[27] সূরা বনি ইসরাইল:৮৮,৮৯

يَٰٓأَيُّهَا ٱلرَّسُولُ بَلِّغۡ مَآ أُنزِلَ إِلَيۡكَ مِن رَّبِّكَۖ وَإِن لَّمۡ تَفۡعَلۡ فَمَا بَلَّغۡتَ رِسَالَتَهُۥۚ وَٱللَّهُ يَعۡصِمُكَ مِنَ ٱلنَّاسِۗ إِنَّ ٱللَّهَ لَا يَهۡدِي ٱلۡقَوۡمَ ٱلۡكَٰفِرِينَ

“হে রাসূল! আপনার রবের কাছ থেকে আপনার প্রতি যা নাযিল হয়েছে তা প্রচার করুন; যদি না করেন তবে তো আপনি তাঁর বার্তা প্রচার করলেন না । আর আল্লাহ আপনাকে মানুষ থেকে রক্ষা করবেন । নিশ্চয় আল্লাহ কাফের সম্প্রদায়কে হেদায়াত করেন না”।[28]

উক্ত তিন ধরণের মু'জিযা – ইলম, কুদরত ও সম্পদ- কোনাটাই আল্লাহর হুকুম ছাড়া সংঘটিত হতনা।

## নবী রাসূলগণের আগমনের সুসংবাদ

নবীদের নবুয়্যাতের সত্যতার অন্যতম প্রমাণ হলো, পূর্ববর্তী নবীগণ কর্তৃক পরবর্তী নবীগণের আগমনের সুসংবাদ দেওয়া। আল্লাহ তায়া'লা প্রত্যেক নবী রাসুলের থেকে অঙ্গিকার নিয়েছেন যে, মুহাম্মদ (সাঃ) যদি তাদের জীবদ্দশায় প্রেরিত হয় তবে তার উপর ঈমান আনবেন। আল্লাহ তায়া'লা বলেনঃ

وَإِذۡ أَخَذَ ٱللَّهُ مِيثَٰقَ ٱلنَّبِيِّـۧنَ لَمَآ ءَاتَيۡتُكُم مِّن كِتَٰبٖ وَحِكۡمَةٖ ثُمَّ جَآءَكُمۡ رَسُولٞ مُّصَدِّقٞ لِّمَا مَعَكُمۡ لَتُؤۡمِنُنَّ بِهِۦ وَلَتَنصُرُنَّهُۥۚ قَالَ ءَأَقۡرَرۡتُمۡ وَأَخَذۡتُمۡ عَلَىٰ ذَٰلِكُمۡ إِصۡرِيۖ قَالُوٓاْ أَقۡرَرۡنَاۚ قَالَ فَٱشۡهَدُواْ وَأَنَا۠ مَعَكُم مِّنَ ٱلشَّٰهِدِينَ

“আর স্মরণ করুন, যখন আল্লাহ্ নবীদের অংগীকার নিয়েছিলেন যে, আমি তোমাদেরকে কিতাব ও হিকমত যা কিছু দিয়েছি; তারপর তোমাদের কাছে যা আছে তার সত্যায়নকারীরূপে যখন একজন রাসূল আসবে– তখন তোমরা অবশ্যই তার প্রতি ঈমান আনবে এবং তাকে সাহায্য করবে।' তিনি বললেন, 'তোমরা কি স্বীকার করলে এবং এর উপর আমার অংগীকার কি তোমরা গ্রহণ করলে?' তারা বলল, 'আমরা স্বীকার করলাম'। তিনি বললেন, 'তবে তোমরা সাক্ষী থাক এবং আমিও তোমাদের সাথে সাক্ষী রইলাম”।[29]

[28] সূরা মায়েদা:৬৭
[29] সূরা আলে ইমরান: ৮১

## নবী রাসূলগণের অবস্থা পর্যবেক্ষণ

নবী রাসুলগণ স্বজাতির সাথে মেলামেশা ও লেনদেন করতেন। এভাবে তারা মানুষকে তাদের জীবনচরিত শিক্ষা দিতেন। তাদের সততা তারা বুঝতে পারত। যখন লোকজন পূতঃপবিত্র মারিয়াম ও তার পুত্র ঈসা (আঃ) সম্পর্কে অপবাদ দিতে লাগল তখন আল্লাহ তায়া'লা তাদের সততা প্রকাশ করেন। আল্লাহ তায়া'লা বলেনঃ

فَأَتَتۡ بِهِۦ قَوۡمَهَا تَحۡمِلُهُۥۖ قَالُواْ يَٰمَرۡيَمُ لَقَدۡ جِئۡتِ شَيۡـٔٗا فَرِيّٗا. يَٰٓأُخۡتَ هَٰرُونَ مَا كَانَ أَبُوكِ ٱمۡرَأَ سَوۡءٖ وَمَا كَانَتۡ أُمُّكِ بَغِيّٗا. فَأَشَارَتۡ إِلَيۡهِۖ قَالُواْ كَيۡفَ نُكَلِّمُ مَن كَانَ فِي ٱلۡمَهۡدِ صَبِيّٗا. قَالَ إِنِّي عَبۡدُ ٱللَّهِ ءَاتَىٰنِيَ ٱلۡكِتَٰبَ وَجَعَلَنِي نَبِيّٗا. وَجَعَلَنِي مُبَارَكًا أَيۡنَ مَا كُنتُ وَأَوۡصَٰنِي بِٱلصَّلَوٰةِ وَٱلزَّكَوٰةِ مَا دُمۡتُ حَيّٗا. وَبَرَّۢا بِوَٰلِدَتِي وَلَمۡ يَجۡعَلۡنِي جَبَّارٗا شَقِيّٗا. وَٱلسَّلَٰمُ عَلَيَّ يَوۡمَ وُلِدتُّ وَيَوۡمَ أَمُوتُ وَيَوۡمَ أُبۡعَثُ حَيّٗا.

"তারপর সে সন্তানকে নিয়ে তার সম্প্রদায়ের কাছে উপস্থিত হল; তারা বলল, 'হে মারইয়াম! তুমি তো এক অঘটন করে বসেছ ।'হে হারূনের বোন! তোমার পিতা অসৎ ব্যক্তি ছিল না এবং তোমার মাও ছিল না ব্যাভিচারিণী ।তখন মারইয়াম সন্তানের প্রতি ইংগিত করল। তারা বলল, 'যে কালের শিশু তার সাথে আমারা কেমন করে কথা বলব?'তিনি বললেন, 'আমি তো আল্লাহর বান্দা। তিনি আমাকে কিতাব দিয়েছেন, আমাকে নবী করেছেন,'যেখানেই আমি থাকি না কেন তিনি আমাকে বরকতময় করেছেন, তিনি আমাকে নির্দেশ দিয়েছেন যতদিন জীবিত থাকি ততদিন সালাত ও যাকাত আদায় করতে -'আর আমাকে আমার মায়ের প্রতি অনুগত করেছেন এবং তিনি আমাকে করেননি উদ্ধত, হতভাগ্য;'আমার প্রতি শান্তি যেদিন আমি জন্ম লাভ করেছি, যেদিন আমার মৃত্যু হবে এবং যেদিন জীবিত অবস্থায় আমি উত্থিত হব"।[30]

এভাবেই ঈসা (আঃ) দোলনায় কথা বলেছেন। কুরাইশরা নবুয়াতের পূর্বে মুহাম্মদ (সাঃ) কে তার সততা ও আমানতদারীতার জন্য "আল আমিন" বলে ডাকত, আল কোরআন রাসুলের সত্যতা প্রমাণে এদিকে ইঙ্গিত দিয়েছে। কেননা রাসুলের (সাঃ) জীবন চরিত্রই হলো সবচেয়ে বড় মু'জিযা। আল্লাহ তায়া'লা বলেনঃ

قُل لَّوۡ شَآءَ ٱللَّهُ مَا تَلَوۡتُهُۥ عَلَيۡكُمۡ وَلَآ أَدۡرَىٰكُم بِهِۦۖ فَقَدۡ لَبِثۡتُ فِيكُمۡ عُمُرٗا مِّن قَبۡلِهِۦٓۚ أَفَلَا تَعۡقِلُونَ

[30] সূরা মারইয়াম: ২৭-৩৩

"বলে দাও, যদি আল্লাহ চাইতেন, তবে আমি এটি তোমাদের সামনে পড়তাম না, আর নাইবা তিনি তোমাদেরেকে অবহিত করতেন এ সম্পর্কে। কারণ আমি তোমাদের মাঝে ইতিপূর্বেও একটা বয়স অতিবাহিত করেছি। তারপরেও কি তোমরা চিন্তা করবে না?" [31]

**উসূলের সাথে সকলের ঐক্যমত**

নবীদের সত্যতার আরেকটি প্রমাণ হলো সব নবী রাসুলের দাওয়াতের মূল ছিল একই। সব নবী রাসুলগণ তাওহীদের দিকে ডেকেছেন। কেননা এটিই মানব সৃষ্টির মূল লক্ষ্য, রাসুলদের প্রেরণের উদ্দেশ্য এটিই। আল্লাহ তায়া'লা বলেনঃ

وَمَآ أَرۡسَلۡنَا مِن قَبۡلِكَ مِن رَّسُولٍ إِلَّا نُوحِيٓ إِلَيۡهِ أَنَّهُۥ لَآ إِلَٰهَ إِلَّآ أَنَا۠ فَٱعۡبُدُون

"আর আপনার পূর্বে আমরা যে রাসূলই প্রেরণ করেছি তার কাছে এ ওহীই পাঠিয়েছি যে, আমি ব্যতীত অন্য কোনো সত্য ইলাহ নেই, সুতরাং তোমরা আমরাই ইবাদাত কর"।[32]

আল্লাহ তায়ালা বলেনঃ

وَسۡـَٔلۡ مَنۡ أَرۡسَلۡنَا مِن قَبۡلِكَ مِن رُّسُلِنَآ أَجَعَلۡنَا مِن دُونِ ٱلرَّحۡمَٰنِ ءَالِهَةٗ يُعۡبَدُونَ ۝

"আর আপনার পূর্বে আমরা আমাদের রাসূলগণ থেকে যাদেরকে প্রেরণ করেছিলাম তাদেরকে জিজ্ঞেস করুন, আমরা কি রহমান ছাড়া ইবাদত করা যায় এমন কোনো ইলাহ স্থির করেছিলাম ?"[33]

আল্লাহ তায়া'লা আরো বলেনঃ

وَلَقَدۡ بَعَثۡنَا فِي كُلِّ أُمَّةٖ رَّسُولًا أَنِ ٱعۡبُدُواْ ٱللَّهَ وَٱجۡتَنِبُواْ ٱلطَّٰغُوتَۖ فَمِنۡهُم مَّنۡ هَدَى ٱللَّهُ وَمِنۡهُم مَّنۡ حَقَّتۡ عَلَيۡهِ ٱلضَّلَٰلَةُۚ فَسِيرُواْ فِي ٱلۡأَرۡضِ فَٱنظُرُواْ كَيۡفَ كَانَ عَٰقِبَةُ ٱلۡمُكَذِّبِينَ ۝

"আর অবশ্যই আমরা প্রত্যেক জাতির মধ্যে রাসূল পাঠিয়েছিলাম এ নির্দেশ দিয়ে যে, তোমরা আল্লাহ্‌র ইবাদাত কর এবং তাগূতকে বর্জন কর । অতঃপর তাদের কিছু সংখ্যককে আল্লাহ্

[31] সূরা ইউনুস: ১৬
[32] সূরা আম্বিয়া: ২৫
[33] সূরা যুখরুফ: ৪৫

হিদায়াত দিয়েছেন, আর তাদের কিছু সংখ্যকের উপর পথভ্রান্তি সাব্যস্ত হয়েছিল; কাজেই তোমরা যমীনে পরিভ্রমন কর অতঃপর দেখে নাও মিথ্যারোপকারীদের পরিণাম কী হয়েছে ?”[34]

এদিকেই মুহাম্মদ ﷺ তার উম্মতকে ডেকেছেন, রাসুলগণ মানুষের মতই মানুষ, তবে তাদেরকে ওহীর মাধ্যমে সম্মানিত ও মর্যাদাবান করেছেন। আল্লাহ তায়া’লা বলেনঃ

قُلۡ إِنَّمَآ أَنَا۠ بَشَرٞ مِّثۡلُكُمۡ يُوحَىٰٓ إِلَيَّ أَنَّمَآ إِلَٰهُكُمۡ إِلَٰهٞ وَٰحِدٞۖ فَمَن كَانَ يَرۡجُواْ لِقَآءَ رَبِّهِۦ فَلۡيَعۡمَلۡ عَمَلٗا صَٰلِحٗا وَلَا يُشۡرِكۡ بِعِبَادَةِ رَبِّهِۦٓ أَحَدَۢا

“বলুন, ‘আমি তো তোমাদের মত একজন মানুষ, আমার প্রতি ওহী হয় যে, তোমাদের ইলাহ একমাত্র সত্য ইলাহ। কাজেই যে তার রবের সাক্ষাত কামনা করে, সে যেন সৎকাজ করে ও তার রবের ‘ইবাদাতে কাউকেও শরীক না করে”।[35]

অতএব, তারা ক্ষমতা বা পদের জন্য লোকদেরকে ডাকতেননা। আল্লাহ তায়া’লা বলেনঃ

قُل لَّآ أَقُولُ لَكُمۡ عِندِي خَزَآئِنُ ٱللَّهِ وَلَآ أَعۡلَمُ ٱلۡغَيۡبَ وَلَآ أَقُولُ لَكُمۡ إِنِّي مَلَكٌۖ إِنۡ أَتَّبِعُ إِلَّا مَا يُوحَىٰٓ إِلَيَّۚ قُلۡ هَلۡ يَسۡتَوِي ٱلۡأَعۡمَىٰ وَٱلۡبَصِيرُۚ أَفَلَا تَتَفَكَّرُونَ ٥٠

“বলুন, ‘আমি তোমাদেরকে বলি না যে, আমর নিকট আল্লাহ্‌র ভান্ডারসমূহ আছে, আর আমি গায়েবোও জানি না এবং তোমাদের এও বলি না যে, আমি ফিরিশ্‌তা, আমার প্রতি যা অহীরূপে প্রেরণ করা হয়, আমি তো শুধু তারই অনুসরণ করি।’ বলুন, ‘অন্ধ ও চক্ষুষ্মান কি সমান হতে পারে?’ তোমারা কি চিন্তা কর না?” [36]

তারা দাওয়াতের বিনিময়ে লোকদের থেকে কিছুই প্রত্যাশা করতেন না। আল্লাহ তায়া’লা তার নবী নুহ, হুদ, সালেহ, লুত ও শোয়াইব আলাইহিমুস সালাম সম্পর্কে বলেন, তারা তাদের জাতিকে বলেছিলেনঃ

وَمَآ أَسۡـَٔلُكُمۡ عَلَيۡهِ مِنۡ أَجۡرٍۖ إِنۡ أَجۡرِيَ إِلَّا عَلَىٰ رَبِّ ٱلۡعَٰلَمِينَ ١٠٩

[34] সূরা নাহল: ৩৬
[35] সূরা কাহফ:১১০
[36] সূরা আন'আম:৫০

“আর আমি তোমাদের কাছে এর জন্য কোনো প্রতিদান চাই না; আমার পুরস্কার তো সৃষ্টিকুলের রবের কাছেই আছে”।[37]

মুহাম্মদ ﷺ তার জাতিকে বলেছিলেনঃ

قُلۡ مَآ أَسۡـَٔلُكُمۡ عَلَيۡهِ مِنۡ أَجۡرٖ وَمَآ أَنَا۠ مِنَ ٱلۡمُتَكَلِّفِينَ ۝

“বলুন, 'আমি এর জন্য তোমাদের কাছে কোনো প্রতিদান চাই না এবং আমি কৃত্রিমতাশ্রয়ীদের অন্তর্ভুক্ত নই”।[38]

**আল্লাহর সাহায্য সহযোগীতা**

নবী রাসুলদের সত্যতার আরেকটি প্রমাণ হল, আল্লাহ তায়া’লা তাদেরকে সাহায্য করেন ও তিনি নিজেই তাদেরকে হিফাযত করেন। কেননা একজন যদি দাবী করে যে, সে আল্লাহর নবী বা রাসুল আর আল্লাহ পাক যদি তাকে সাহায্য ও হেফাযত না করে তাহলে এটা কিভাবে সম্ভব! বরং তাদের প্রয়োজনে আল্লাহ তায়া’লা তার আযাব ও শাস্তিও প্রেরণ করেন। আল্লাহ তায়া’লা বলেনঃ

وَلَا تَقُولُواْ لِمَا تَصِفُ أَلۡسِنَتُكُمُ ٱلۡكَذِبَ هَٰذَا حَلَٰلٞ وَهَٰذَا حَرَامٞ لِّتَفۡتَرُواْ عَلَى ٱللَّهِ ٱلۡكَذِبَۚ إِنَّ ٱلَّذِينَ يَفۡتَرُونَ عَلَى ٱللَّهِ ٱلۡكَذِبَ لَا يُفۡلِحُونَ۝

